

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন : পিএবিএক্সঃ ৮৮-০২-৯২০৫৩১০-১৪, ফ্যাক্স : ৮৮-০২-৯২০৫৩৩৩

BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY

GAZIPUR-1706, BANGLADESH, TELEPHONE : PABX : 88-02-9205310-14, FAX : 88-02-9205333, Web : www.bsmrau.edu.bd

স্মারক নং বশেমুরকবি/ডিন (এগ্রি-৮০)/২০২২/১২৪৩

তারিখ: ৩/১১/২০২২

সামার ২০২২ টার্মে বিএস (কৃষি), বিএস (ফিশারিজ), বিএস (কৃষি অর্থনীতি), বিএস (ফরেস্ট্রি) এবং ডিভিএম প্রোগ্রামে ভর্তির সময়সূচি ও অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যাদি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি বিশ্ববিদ্যালয় এবং কৃষি শিক্ষা প্রাধান্য বিশ্ববিদ্যালয়সমূহে ২০২১-২০২২ শিক্ষাবর্ষ থেকে গুচ্ছ/সমন্বিত পদ্ধতিতে গত ১০/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় মেধা তালিকায় ও অপেক্ষমান তালিকায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যে সকল প্রার্থী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সামার ২০২২ টার্মে বিএস (কৃষি), বিএস (ফিশারিজ), বিএস (কৃষি অর্থনীতি), বিএস (ফরেস্ট্রি) এবং ডিভিএম প্রোগ্রামে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনীত হয়েছে তাদের ভর্তি কার্যক্রম ৮, ৯ ও ১০ নভেম্বর, ২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত বেগম সুফিয়া কামাল অডিটোরিয়ামে সম্পন্ন করা হবে। ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://bsmrau.edu.bd> হতে জানা যাবে। ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো।

ভর্তি ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি'র পরিমাণ-

i). সাধারণ কোটায় ও আদিবাসী কোটায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের জন্য:

- ১। কৃষি অনুষদ: ১৭,৯৪০/- (সতেরো হাজার নয়শত চল্লিশ) টাকা মাত্র।
- ২। ফিশারিজ অনুষদ : ১৭,৭১০/- (সতেরো হাজার সাতশত দশ) টাকা মাত্র।
- ৩। ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ: ১৮,২৩০/- (আঠারো হাজার দুইশত ত্রিশ) টাকা মাত্র।
- ৪। কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ: ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা মাত্র।
- ৫। ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্ট অনুষদ: ১৭,৮৭০/- (সতেরো হাজার আটশত সত্তর) টাকা মাত্র।


ii). মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী কোটায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের জন্য:

- ১। কৃষি অনুষদ: ১৬,৯০০/- (ষোল হাজার নয়শত) টাকা মাত্র।
- ২। ফিশারিজ অনুষদ : ১৬,৭৫০/- (ষোল হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র।
- ৩। ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ: ১৬,৯৫০/- (ষোল হাজার নয়শত পঞ্চাশ) টাকা মাত্র।
- ৪। কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ: ১৬,৮০০/- (ষোল হাজার আটশত) টাকা মাত্র।
- ৫। ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্ট অনুষদ: ১৬,৭৫০/- (ষোল হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র।

[বিঃদ্র: ইতিপূর্বে অনলাইনে জমাকৃত ১০,০০০/- (দশ হাজার) টাকা বাদ দিয়ে অবশিষ্ট অর্থ বিশ্ববিদ্যালয়ের ব্যাংক হিসাবে জমা দিতে হবে।]

iii). ভর্তির সময় নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে :

- ক) শিক্ষাবোর্ড হইতে প্রাপ্ত SSC ও HSC বা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও উহার সত্যায়িত অনুলিপি, উল্লেখ্য যে, SSC ও HSC বা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ব্যতীত কোন ছাত্র-ছাত্রীকে ভর্তি করা হবে না।
- খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি ও সত্যায়িত অনুলিপি।
- গ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
- ঘ) ইউনিয়ন পরিষদ চেয়াম্যান অথবা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত স্থায়ী ঠিকানা সম্পর্কিত নাগরিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
- ঙ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত রঙিন ছবি।
- চ) মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের মূলকপি ও সত্যায়িত অনুলিপি এবং আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব-স্ব আদিবাসী প্রধান/জেলা প্রশাসক এর সনদপত্রের মূলকপি ও সত্যায়িত অনুলিপি।
- ছ) মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান কোটায় ভর্তির ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি ও সত্যায়িত অনুলিপি।
- জ) কোটা সংক্রান্ত সনদপত্রের মূলকপি এতদসংক্রান্ত বিষয়ে গঠিত সাব-কমিটিকে প্রদর্শনপূর্বক উহা সাথে সাথে ফেরত নেয়া যাবে, তবে মূলসনদ প্রদর্শন ব্যতীত মনোনীত শিক্ষার্থীকে ভর্তি ফরম দেয়া হবে না।


03.11.2022
ডিন

কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ
ও
সদস্য-সচিব
ছাত্র ভর্তি কমিটি

অনুলিপি:

- ১। ট্রেজারার মহোদয়, বশেমুরকুবি।
- ২। সকল ডিন, বশেমুরকুবি।
- ৩। পরিচালক (ছাত্র কল্যাণ), বশেমুরকুবি।
- ৪। প্রক্টর, বশেমুরকুবি।
- ৫। প্রধান, প্রকৌশলী, বশেমুরকুবি।
- ৬। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, মেডিক্যাল অফিসার, বশেমুরকুবি।
- ৭। সহকারী রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, বশেমুরকুবি।
- ৮। ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, বশেমুরকুবি শাখা, বশেমুরকুবি।
- ৯। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর, বশেমুরকুবি।
- ১০। নোটিশ বোর্ড, বশেমুরকুবি।
- ১১। অফিস কপি।

